

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬ ১২

আগরতলা, ১২ সেপ্টেম্বর, ২০ ১৯

রাজকুমারী কমলপ্রভা দেবীর  
প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক

ত্রিপুরার রাজ পরিবারের প্রবীণতম সদস্য ও বিশিষ্ট শিল্পী তথা রাজ্যের উপমুখ্যমন্ত্রী যীষু দেববর্মার মাতা রাজকুমারী কমলপ্রভা দেবীর প্রয়াণে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব গভীর শোক ব্যক্ত করেছেন। এক শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘প্রয়াত কমলপ্রভা দেবী ছিলেন মহারাজা বীরেন্দ্র কিশোর মানিক্য বাহাদুরের কন্যা। রাজন্য আমলের শিল্প সংস্কৃতির যে গৌরবোজ্জ্বল ঐতিহ্য ছিলো তিনি সেই সত্বকেই বহন করেছেন। রাজ্যের শিল্প সংস্কৃতির ক্ষেত্রে তাঁর বিশেষ অবদান রাজ্যবাসী মনে রাখবে। তিনি নিজেও ছিলেন একজন গুণী শিল্পী। তাঁর মৃত্যুতে আমরা আমাদের একজন ঐতিহ্যের উত্তরাধিকারীকে হারালাম।

আমি প্রয়াত রাজকুমারী কমলপ্রভা দেবীর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি এবং তাঁর বিদেহী আত্মার চিরশান্তি কামনা করছি। শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি।’

\*\*\*\*\*